

জনগণের রায় ছাড়া শিক্ষা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে না

সি এম এল এ জেনারেল এরশাদ গত সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণ দানকালে প্রস্তাবিত শিক্ষানীতি প্রসঙ্গে ঘোষণা করেন যে, জনগণের রায় ছাড়া শিক্ষার ব্যাপারে কোন চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে না।

কয়েকদিন আগেকার দুর্ভাগ্যজনক ঘটনা অত্যন্ত ভারাক্রান্ত মনে সমরণ করে তিনি বলেন, প্রস্তাবিত শিক্ষানীতি ও রাজনৈতিক কার্যকলাপের পুনরুজ্জীবন নিয়েই ছিল মূল বিতর্ক; জাতীয় জীবনে বিতর্ক অত্যন্ত স্বাভাবিক। কিন্তু আনোচমান পথ পরিহার করে সম্রাসের পথ বেছে নেয়া নিশ্চয়ই কাম্য নয়; বিশেষ করে ফেব্রুয়ারী মাসে, যখন স্থাপিত হয়েছিল জাতীয় সংহতির অন্তরান স্তম্ভ।

জেনারেল এরশাদ বলেন, নিশ্চয়ই কোন বিমত নেই যে, শিক্ষা ব্যবস্থার পরিবর্তন প্রয়োজন। এ জন্যই জনসত্ত গ্রহণের উদ্দেশ্যে প্রশ্নালা বিতরণ করা হয়েছে। এসব মতামত পরীক্ষা ও মূল্যায়নের জন্য একটি নিরপেক্ষ কমিটি গঠন করা হয়েছে। তিনি বলেন: এক কথায় বলতে গেলে জনসাধারণের রায় ছাড়া কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে না।